

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়
টি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৮৭-আইন/২০১৬।—The Ports Act, 1908 (Act No.XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, Section 4 এর Sub-section (1) এর Clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার টেকেরঘাট এলাকার অন্তর্ভুক্ত নিম্ন তফসিল বর্ণিত এলাকাকে টেকেরঘাট নদী বন্দর এর সীমানা নির্ধারণ করিয়া উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

তফসিল

টেকেরঘাট নদী বন্দর এর—

- (ক) ভাটি বা দক্ষিণ সীমানা হইবে পাটলাই নদীতে (Lower Limit) টেকেরঘাট নদী বন্দরের দক্ষিণ বা ভাটি সীমানা যাহা নদীর পূর্ব পশ্চিমে অতিক্রমকারী ২৫°০৯' ১৮" উত্তর অক্ষাংশ বরাবর পূর্ব পাড়ে সুনামগঞ্জ জেলার গ্রাম: মুন্দিয়াতা, মৌজা: মুন্দিয়াতা, ইউনিয়ন: ১নং শ্রীপুর উত্তর, থানা: তাহিরপুর এবং নদীর পশ্চিম পাড়ে গ্রাম: কামালপুর, মৌজা: কামালপুর, ইউনিয়ন: ১নং শ্রীপুর উত্তর, থানা: তাহিরপুর পর্যন্ত;
- (খ) উজান বা উত্তর সীমানা হইবে পাটলাই নদীর (Upper Limit) টেকেরঘাট নদী বন্দরের উত্তর বা উজান সীমানা যাহা নদীর উত্তর-দক্ষিণে অতিক্রমকারী ৯১°১০' ৩৩" পূর্ব দ্রাঘিমাংশ বরাবর নদীর উত্তরপাড়ে সুনামগঞ্জ জেলার বড়ছড়া ট্রান্সশিপমেন্ট এলাকা মৌজা: বড়ছড়া, ইউনিয়ন: শ্রীপুর উত্তর, থানা: তাহিরপুর এবং নদীর দক্ষিণ পাড়ে সুনামগঞ্জ জেলার গ্রাম: মাটিকাটা, ইউনিয়ন: দক্ষিণ বর্ধন, থানা: তাহিরপুর পর্যন্ত; এবং
- (গ) ভূ-ভাগের সীমানা হইবে পাটলাই নদীর উভয় তীরে সাধারণ ভরাকাটাল (Ordinary Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ পর্যন্ত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবুল ফজল মীর
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৪৮১৯)

মূল্য : টাকা ৪.০০